চুয়াডাঙ্গায় মহান স্বাধীনতা দিবসের কুচকাওয়াজের প্রস্তুতি মহড়া

চুয়াডাঙ্গায় মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক কুচকাওয়াজের মহড়া অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল নয়টার সময় চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে এই কুচকাওয়াজের মহড়া অনুষ্ঠিত হয়। প্রস্তুতি মূলক কুচকাওয়াজ মহড়ায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের বিজ্ঞ সিনিয়র সহকারী কমিশনার ও নেজারত ডেপুটি কালেক্টর (এনডিসি) সাইফুল ইসলাম সাইফ।

প্রস্তুতিমূলক কুচকাওয়াজ মহড়ায় মার্চ পাস্ট করেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ, আনসার ভিডিবি, বিএনসিসি, রোভার স্কাউট, গার্লস গাইডস সহ বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার নাঈম আব্দুল্লাহ, সহকারী কমিশনার শহিদুল ইসলাম, সহকারী কমিশনার ফাহাদ চৌধুরী।

আগামী ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে জেলা প্রশাসনের আয়োজন কুচকাওয়াজ ও ডিসপ্লে অনুষ্ঠিত হবে। কুচকাওয়াজ ও ডিসপ্লে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার সহ জেলার বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রধান ও কর্মকর্তা বৃন্দ।

ঝিনাইদহে বিশ্ব কিডনি দিবস

পালিত

‘কিডনি সুরক্ষায় অঙ্কুরেই শনাক্ত করুন’ এ স্লোগানে ঝিনাইদহে বিশ্ব কিডনি দিবস পালিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে শহরের কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকা থেকে ‘ক্যাম্পস কিডনি ও ডায়ালাইসিস সেন্টার’র পক্ষ থেকে একটি থেকে র্যালিটি বের হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে প্রতিষ্ঠান প্রাঙ্গণে আলোচনা সভার আয়োজন করা হয়। এতে ওই প্রতিষ্ঠানের চিকিৎসক ডা. তৌফিকুর রহমান, ব্যবস্থাপক মো. রাকিবুল ইসলাম, ল্যাব ইনচার্জ হাসানুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, কিডনি রোগের প্রাথমিক পর্যায়ে শনাক্তকরণের গুরুত্ব, সচেতনতা বৃদ্ধি এবং নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করার প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

ঝিনাইদহে আন্তর্জাতিক নারী দিবস পালিত

‘অধিকার, সমতা, ক্ষমতায়ন, নারী ও কন্যার উন্নয়ন’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়েছে।

শনিবার (৮ মার্চ) সকালে শহরের পায়রা চত্বরে এ উপলক্ষে মানববন্ধন ও পথসভার আয়োজন করে মানবাধিকার ডিফেন্ডার নেটওয়ার্ক।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে বিভিন্ন মানবাধিকার সংগঠনের সদস্যসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। এতে বক্তব্য রাখেন, ঝিনাইদহ বিসিকের উপ-ব্যবস্থাপক সেলিনা রহমান, মানবাধিকার ডিফেন্ডার নেটওয়ার্কের সভাপতি আমিনুর রহমান টুকু, সাধারণ সম্পাদক শরিফা খাতুন, সদস্য এন এম শাহজালাল, এডাপের সভাপতি মিজানুর রহমান,

সদস্য জান্নাতুল ফেরদৌস লাকীসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

মানববন্ধন ও পথসভা শেষে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে ওয়েলফেয়ার এফোর্টস (উই) কার্যালয়ে গিয়ে শেষ হয়।

পরে সেখানে এডাব’র আয়োজনে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে বক্তারা নারীর উন্নয়ন ও ক্ষমতায়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। নারীদের শিক্ষা, অর্থনৈতিক মুক্তি, সহিংসতা প্রতিরোধ, কর্মক্ষেত্রে সমঅধিকার এবং নীতিনির্ধারণী পর্যায়ে নারীদের অংশগ্রহণ বৃদ্ধির বিষয়ে গুরুত্বারোপ করা হয়। আলোচনা সভায় বিভিন্ন মানবাধিকার সংগঠনের নেতৃবৃন্দ, সমাজকর্মী, শিক্ষক, সাংবাদিকসহ নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বিশ্ব বন্যপ্রাণী দিবস উদযাপন

ঝিনাইদহে বিশ্ব বন্যপ্রাণী দিবস উদযাপন করা হয়েছে। শনিবার (৮ মার্চ) দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ দিবসের আয়োজন করে জেলা প্রশাসন ও যশোর সামাজিক বন বিভাগ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। সভাপতিত্ব করেন যশোর বিভাগীয় বন কর্মকর্তা অমিতা মন্ডল।

অনুষ্ঠানের শুরুতে বিষয়ভিত্তিক উপস্থাপনা করেন বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগের মৎস্য বিশেষজ্ঞ মফিজুর রহমান চৌধুরী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টার সহকারী একান্ত সচিব আশিকুর রহমান সমী, সরকারি কে.সি কলেজের প্রাণিবিদ্যা বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক রফিকুল ইসলাম, এবং ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক এ.বি. এম. খালিদ হোসেন সিদ্দিকী।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ যষ্টি চন্দ্র রায়।

বক্তারা বন্যপ্রাণী সংরক্ষণের প্রয়োজনীয়তা, পরিবেশের ভারসাম্য রক্ষা এবং জনসচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন।

মেহেরপুরের আমঝুপিতে আন্তর্জাতিক নারী দিবস উদযাপিত

মেহেরপুরের আমঝুপিতে যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে আন্তর্জাতিক নারী দিবস। দিবসটি উপলক্ষে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এবং এএলআরডি’র যৌথ উদ্যোগে এক বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

শনিবার (৮ মার্চ) সকাল ১০টায় মউকের হলরুমে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন সাবেক শিক্ষক হাজী আজগর আলী মাস্টার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। স্বাগত বক্তব্য রাখেন মউকের প্রোগ্রাম ম্যানেজার ও নারী নেত্রী ফাহিমা খাতুন এবং কাজল রেখা।

মানবাধিকার কর্মী সাদ আহাম্মদের সঞ্চালনায় আলোচনা সভায় নারী অধিকার ও নির্যাতন প্রতিরোধ বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এডুকেশন প্রকল্পের উপজেলা প্রোগ্রাম ম্যানেজার শিরিন আক্তার।

এছাড়াও এসময় সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, আমঝুপি ইউপি সদস্য সালমা বেগম, আরিফ হোসেন, সমাজসেবক শহীদুল্লাহ এবং আব্দুর রকিব উপস্থিত ছিলেন।

আলোচনায় নারী নির্যাতনের বর্তমান চিত্র, এর কারণ ও প্রতিকার, বাল্যবিবাহ রোধসহ নারীর অধিকার প্রতিষ্ঠার বিভিন্ন দিক তুলে ধরা হয়। এর আগে একটি র্যালি আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

মেহেরপুরে আন্তর্জাতিক নারী দিবস পালিত

“অধিকার, সমতা, ক্ষমতায়ন নারী ও কন্যার উন্নয়ন” এই প্রতিপাদ্যে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

শনিবার সকাল ১১টায় মেহেরপুর মহিলা বিষয়ক অধিদপ্তর ও জেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ পরিচালক নাসিমা খাতুনের সভপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক সিফাত মেনহাজ। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার মাকসুদা আকতার খানম।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তানজিনা শারমিন দৃষ্টির সঞ্চালনায় এছাড়াও এসময় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, সহকারী কমিশনার সাজেদুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক ফুয়াদ খান, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেক, মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, উম্মে হানি ও তৃপ্তি কনা বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় জাতীয় ভোটার দিবস পালিত

দামুড়হুদায় জাতীয় ভোটার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১০টায় “তোমার আমার বাংলাদেশ, ভোট দিব মিলেমিশে” এই

স্লোগানকে সামনে রেখে দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা নির্বাচন অফিসের যৌথ আয়োজনে প্রথমে নির্বাচন অফিস চত্বর থেকে র্যালি বের হয়। র্যালি শেষে পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তারা আগামীর বাংলাদেশ বিনির্মাণে ভোটার দিবসের তাৎপর্য তুলে ধরে বলেন, ভোটার তালিকা স্বচ্ছভাবে করতে হবে। ভোটার হওয়ার যোগ্যতা রাখে এমন কোনো নাগরিক যেন ভোটার তালিকা থেকে বাদ না যায়, সে বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সতর্ক দৃষ্টি রাখতে হবে। দেশের প্রতিটি ভোটার যেন সুষ্ঠু পরিবেশে বাংলাদেশে অনুষ্ঠিত যেকোনো নির্বাচনে স্বচ্ছভাবে তার ভোটাধিকার প্রয়োগ করতে পারে, সেই ব্যবস্থা নিশ্চিত করতে হবে। বিগত ফ্যাসিবাদী সরকারের মতো ভোট ব্যবস্থা আমরা আর চাই না।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মমতাজ মহলের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাচন কর্মকর্তা নূর উল্লাহ, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি সামসুজ্জোহা পলাশ, উপজেলা সমবায় কর্মকর্তা হারুন অর রশিদ, মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, বীর মুক্তিযোদ্ধা চাঁদ আলী, উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা সহকারী নির্বাচন কর্মকর্তা ইমরান খান, ডাটা এন্ট্রি অপারেটর মারুফ বিল্লাহ, নাহিদ হাসান, সাইফুল ইসলাম প্রমুখ।

গাংনীতে জাতীয় ভোটার দিবস পালিত

“তোমার আমার বাংলাদেশে, ভোট দেব মিলেমিশে” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ৭ম জাতীয় ভোটার দিবস উপলক্ষে গাংনীতে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

রবিবার সকালে উপজেলা প্রশাসন ও উপজেলা নির্বাচন অফিসের আয়োজনে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি উপজেলা চত্বর থেকে শুরু হয়ে হাসপাতাল বাজার প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

পরে উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে আয়োজিত ভোটরা দিবসের আলোচনা সভায় সভাপতিত্বে করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) প্রীতম সাহা। আলোচনা বক্তব্য রাখেন উপজেলা নির্বাচন কর্মকর্তা নাহিদ ইসলাম।

এছাড়া বক্তব্য রাখেন গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার সামসুল আলম সোনা, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মুজাহিদুল ইসলামসহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ ।

আলোচনা সভায় বক্তারা জাতীয় ভোটার দিবসের গুরুত্ব তুলে ধরে ধরেন। সেই সাথে নতুন ভোটারদের নিবন্ধন ও ভোটাধিকার প্রয়োগে সচেতন হওয়ার আহ্বান জানানো হয়।

মেহেরপুরে জাতীয় ভোটার দিবস পালিত

“তোমার আমার বাংলাদেশে, ভোট দেব মিলেমিশে” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ৭ম জাতীয় ভোটার দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও র্যালি অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১০টায় মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা নির্বাচন অফিসের উদ্যোগে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন জেলা নির্বাচন অফিসার মো. ওয়ালিল্লাহ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। সদর উপজেলা নির্বাচন কর্মকর্তা দোলন কান্তি চক্রবর্তীর সঞ্চালনায় এছাড়া আলোচনা সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম, টিটিসির অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার প্রমুখ।

এর আগে ৭ম জাতীয় ভোটার দিবস উপলক্ষে একটি র্যালি বের করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলামের নেতৃত্বে র্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে প্রধান সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে শান্তির প্রতীক পায়রা উড়িয়ে ৭ম জাতীয় ভোটার দিবসের সূচনা করা হয়।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে জাতীয় স্থানীয় সরকার দিবস পালিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে ইউনিয়ন পরিষদের আয়োজনে নানা কর্মসূচি গ্রহণ করা হয়।

এর মধ্যে সকালে ইউনিয়ন পরিষদ চত্বরে জাতীয় পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য র্যালির মাধ্যমে দিনের কার্যক্রম শুরু হয়। র্যালিটি ইউনিয়নের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

পরে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় স্থানীয় সরকার ব্যবস্থার গুরুত্ব, জনসেবায় ইউনিয়ন পরিষদের ভূমিকা এবং উন্নয়ন কর্মকাণ্ড বিষয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠানে হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন এর সভাপতিত্বে আলোচনা সভায় তিনি স্থানীয় সরকারের উন্নয়ন কার্যক্রম তুলে ধরে বক্তব্য দেন।

এছাড়া, ইউপি সদস্য, বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও সাধারণ জনগণও অনুষ্ঠানে অংশ নেন।

সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপির সহসভাপতি সলেমান মল্লিক, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, হাউলী ইউনিয়ন পরিষদের প্রশাসনিক

কর্মকর্তা মনিরুজ্জামান, ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, রিকাত আলী সহ ইউনিয়নের সকল ইউপি সদস্য বৃন্দ।

সভা শেষে ইউনিয়ন পরিষদের সেবাগুলো সহজে জনগণের কাছে পৌঁছে দিতে জন্মনিবন্ধন, নাগরিক সনদ ও অন্যান্য সেবা প্রদান করা হয়। এই আয়োজনের মাধ্যমে স্থানীয় সরকার ব্যবস্থার প্রতি জনগণের আস্থা ও সচেতনতা বৃদ্ধি পেয়েছে বলে আয়োজকরা মনে করেন।